

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)




তারিখঃ ০৯/০১/২০২২ খ্রি.

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.১২৮.১৩. ০২

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলাধীন আংগৈলঝাড়া উপজেলায় কর্মকালীন আপনি কর্মস্থলে অনিয়মিত অবস্থান/উপস্থিতি, মাঠ পরিদর্শনে অনিহা, ঋণ আদায় তদারকিসহ অন্যান্য দায়-দায়িত্ব যথাযথভাবে পালনে অক্ষতার কারণে প্রকল্প/কর্মসূচির কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হয়, যার ফলশ্রুতিতে আপনাকে শাস্তিমূলকভাবে ঝালকাঠি জেলাধীন ঝালকাঠি সদর উপজেলায় বদলী করা হয়। বর্তমান কর্মস্থলেও আপনি একইভাবে অনিয়মিতভাবে কর্মস্থলে অবস্থান করেন এবং মাঠ কার্যক্রমের বিষয়ে উদাসীন রয়েছেন। আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করে/অননুমোদিতভাবে প্রায়শইঃ কর্মস্থল ত্যাগ করেন। বিগত ০৮/০১/২০২২ খ্রি. প্রকল্প পরিচালকের সভাপতিত্বে জুম অ্যাপের মাধ্যমে অনুষ্ঠিত ভার্চুয়াল সভায় কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অনুপস্থিত ছিলেন, যা কর্তৃপক্ষের প্রতি অবজ্ঞা প্রদর্শন।

আপনার এহেন দায়িত্ব পালনে উদাসীনতা ও কর্তৃপক্ষের প্রতি অবজ্ঞা প্রদর্শন অর্থাৎ অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করাসহ চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে বলা হলো।

  
তারিখঃ ০৯/০১/২০২২  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক

জনাব তরুন কান্তি বৈদ্য  
সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো)  
বিআরডিবি, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

তারিখঃ ০৯/০১/২০২২ খ্রি.


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.১২৮.১৩. ০২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝালকাঠি সদর, ঝালকাঠি।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, ঝালকাঠি।
৪. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য:

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সেরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
তারিখঃ ০৯/০১/২০২২  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক